দৈনিক সংবাদ

তারিখ 14 NOV 1993
পৃষ্ঠা ... কলাম ...

# সিলেটে ছাত্র শিবিরের হামলা

ছাত্রদলের দুই নেতার ওপর সিলেটে ছাত্র শিবিরের সশস্ত্র হামলার ফলে সেখানে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। শহরের তিনটি কলেজ বিভিন্ন মেয়াদে বন্ধ ঘোষণা করা হয়েছে।

গত সপ্তাহে ওসমানী মেডিক্যাল কলেজের ছাত্রদল সভাপতি ও সহ-সভাপতি ছাত্র শিবিরের সশস্ত্র সন্ত্রাসীদের দ্বারা আক্রান্ত হন। এলোপাতাড়ি ধারালো অস্ত্রের আঘাতে ক্ষত-বিক্ষত করে তাদেরকে রাস্তায় ফেলে দেয়া হয়। তারা এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন।

ঘটনার পর সিলেট শহরের একটি মেস থেকে বিপুল অস্ত্রশস্ত্রসহ ১০ জন সশস্ত্র শিবিরকর্মীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত একজনের জামায় এবং একটি রামদায় নাকি রক্তের দাগ ছিল।

গত মে মাসে ওসমানী মেডিক্যাল কলেজ ছাত্র-শিবিরের সঙ্গে ছাত্রদলের সংঘর্ষের পর কলেজ বন্ধ হয়ে যায়। সেই সংঘর্ষের সময় ছাত্র শিবির প্রকাশ্য সভায় নাকি ছাত্রদলের কলেজ শাখার সভাপতি নিয়াজ মোহাইমিনকে হত্যা করার আনুষ্ঠানিক ঘোষণা দেয়। এই ঘোষণা যে শূন্যগর্ভ ছিল না, ছাত্র শিবিরের সশস্ত্র সন্ত্রাসীরা তার প্রমাণ দিয়েছে।

দেশের অন্যান্য শিক্ষাঙ্গনের মত সিলেট শহরের কলেজগুলোতে ছাত্র শিবির সন্ত্রাস ও পরিকল্পিত হত্যাকাণ্ডের নেশায় মেতে উঠেছে। সরকারীদলের একদা সহযোগী জামাত-শিবির চক্র বিএনপি'র অঙ্গসংগঠন ছাত্রদলের নেতা-কর্মীদের ওপর সশস্ত্র হামলা চালাচ্ছে। আমরা আশা করব, সিলেটের সাম্প্রতিক ঘটনার পর সরকার ও আইন-শৃংখলা কর্তৃপক্ষের টনক নড়বে।

ঢাকায় ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে ছাত্রদল নেতা জিন্নাহ নিহত হবার পর থেকেই সিলেটে বিভিন্ন উপলক্ষে ছাত্র সংঘর্ষের অবতারণা করা হয়েছে। ছাত্রদলের কর্মীরা একজন ছাত্রলীগ নেতার প্রাণনাশের চেষ্টা চালায়। সামনে থেকে তাকে গুলি করা হয়। সিলেটে ৭ দিন ধরে নাকি অস্ত্রের মহড়া চলছিল। অবশেষে সিলেট জেলা বিএনপি ও আওয়ামী লীগ নেতারা তিন দিনব্যাপী বৈঠকশেষে একমত হয়েছেন– আর সন্ত্রাস নয়, হানাহানি নয়, একে অপরকে ঘায়েল করার প্রয়াস নয়। সিলেটের মৌলবাদী সন্ত্রাসীদের শায়েস্তা করার ক্ষেত্রে এই সমঝোতা অটুট থাকুক, সেই কামনাই আমরা করব। সিলেট বিএনপি'র সভাপতি ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র হামলা প্রসঙ্গে বলেছেন, ধর্মের নামে রাজনীতির খোলসে মানুষ হত্যার রাজনীতিকে বরদাস্ত করা যাবে না। জেলা আওয়ামী লীগের সভাপতি ছাত্র শিবিরের এ হামলাকে কাপুরুষোচিত ও একাত্তরের রাজাকার বাহিনীর নৃশংসতার রূপান্তর হিসেবে আখ্যায়িত করেছেন। দেশের দুই প্রধান রাজনৈতিক দল যদি সমঝোতার ভিত্তিতে সন্ত্রাসীদের মোকাবেলা করতে এগিয়ে যায় তবে সশস্ত্র মৌলবাদীরা যতই শক্তি প্রদর্শন করুক না কেন তারা কাবু হতে বাধ্য। ঐতিহ্যবাহী সিলেট এ ব্যাপারে দৃষ্টান্ত স্থাপন করতে পারে।